



# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১  
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)  
প্রধান কার্যালয়  
ঢাকা।

erecruitment.bb.org.bd



বিজ্ঞপ্তি নং: ১০/২০২৩

তারিখ: ২৪ ফাল্গুন, ১৪২৯  
০৯ মার্চ, ২০২৩

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এর ১৬তম গ্রেডভুক্ত 'ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর' পদে নিয়োগের লক্ষ্যে  
অনুষ্ঠিত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল প্রকাশ ও মৌখিক পরীক্ষা গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এ ১৬তম গ্রেডভুক্ত 'ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর' পদে নিয়োগের লক্ষ্যে প্রকাশিত নিয়োগ  
বিজ্ঞপ্তি নং-২০/২০২০, তারিখ- ১৮/০২/২০২০ এর সূত্রে গত ১২/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত রোল নম্বরধারী প্রার্থীদের  
মৌখিক পরীক্ষা বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের মূল ভবনে (৬ষ্ঠ তলা) নিম্নরূপ সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

পদের নাম	ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রোল নম্বর	মৌখিক পরীক্ষার তারিখ, বার ও রিপোর্টিং এর সময়
'ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর'	700245, 700246, 700352, 700597, 700721, 700738, 700760, 700882, 700884, 701578, 701769, 701975, 701987, 701991, 702029, 702032 এবং 702113 = ১৭ জন	২২/০৩/২০২৩ বুধবার (সকাল ১০.০০টা)

- ০২। মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোন ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না; স্ট্যান্ডার্ড এন্টিচিউড টেস্ট পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।
- ০৩। মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত সময়ে প্রার্থীদের অবশ্যই রিপোর্ট করতে হবে। বিলম্বে হাজির হওয়ার কোন কারণই কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না। নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং প্রার্থীদের অনলাইন আবেদনে প্রদত্ত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদির মূলকপি প্রদর্শন এবং ০১ সেট সত্যায়িত ফটোকপি নিম্নোক্ত ক্রমানুসারে সাজিয়ে চেকিং বোর্ডে জমা দিতে হবে;
  - ক) দলিলাদি দাখিলের নিমিত্তে পরিচালক(এইচআরডি- ১), হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্র;
  - খ) স্ট্যান্ডার্ড এন্টিচিউড টেস্ট পরীক্ষার প্রবেশপত্র;
  - গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং মার্কশিট/ট্রান্সক্রিপ্ট (১৬/০৩/২০২০ তারিখের পরে ইস্যুকৃত সনদপত্র/মার্কশিট/ট্রান্সক্রিপ্ট-এ ফল প্রকাশের তারিখ উল্লেখ না থাকলে পরীক্ষা নিয়ন্ত্রক বা রেজিস্ট্রার এর কার্যালয় হতে ইস্যুকৃত ফল প্রকাশের তারিখ সংক্রান্ত প্রত্যয়নপত্র); উল্লেখ্য, 'O' Level/ 'A' Level পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুযায়ী দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদ (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);
  - ঘ) আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক সম্প্রতি ইস্যুকৃত জাতীয়তা সনদপত্র/নাগরিকত্ব সনদপত্র;
  - ঙ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ৬ মাসের কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্র;
  - চ) মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে নিম্নোক্ত প্রমাণক দলিলাদির কপি:
    - i) লাল মুক্তিবর্তা/ভারতীয় তালিকা/গেজেট/বাহিনী গেজেট/শহীদ গেজেট/খেতাবপ্রাপ্ত গেজেট/যুদ্ধাহত গেজেট;
    - ii) মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের জন্য প্রমাণক দলিলাদির কপি(জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্র/এসএসসি সনদ/জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র) এবং
    - iii) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি এই মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত ওয়ারিশান সনদ;
  - ছ) অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে কোটার সপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র;
  - জ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র।
- ০৪। কোন ক্ষেত্রে যাচিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন সময় প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।
- ০৫। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৬। মৌখিক পরীক্ষার জন্য আগত প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য বিধি অবশ্যই মেনে চলতে হবে।

(মোঃ সিরাজুল ইসলাম)  
পরিচালক (এইচআরডি-১)